গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
উপপরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

নম্বর: ২৮.০৭.০০০০.০০০.০০৫.৬৬.০০২৭.১৮.১৫৯

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০১ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

# পুন:নিলাম বিজ্ঞপ্তি

**বিষয়: বিজ্ঞপ্তি**

গেজেটভুক্ত বিছনাকান্দি পাথর কোয়ারি সংলগ্ন আশেপাশের (বিছনাকান্দি, বগাইয়া, নতুন ভাঙ্গা হাওর, উপরগাম, হাদারপাড় ও ভেরিবিল) মৌজা এলাকায় স্তূপীকৃত ও জব্দকৃত ৮১,৯৪২ (একাশি হাজার নয়শত বিয়াল্লিশ) ঘনফুট পাথর (সর্বশেষ প্রাক্কলন অনুযায়ী) উন্মুক্ত নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিলাম ডাক আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | : | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ২ | সংস্থা | : | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) |
| ৩ | নিলাম পদ্ধতি | : | উন্মুক্ত নিলাম |
| ৪ | মালামালের বিবরণী | : | বিছনাকান্দি পাথর কোয়ারি ও আশেপাশের এলাকায় স্তূপকৃত ও জব্দকৃত আনুমানিক ৮১,৯৪২ ঘনফুট পাথর (সর্বশেষ প্রাক্কলন অনুযায়ী) (যেখানে যে অবস্থায় আছে)। |
| ৫ | নিলামের জামানতের পরিমাণ | : | ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার |
| ৬ | নিলামে নাম এন্ট্রি ও রেজিস্ট্রেশন | | দুপুর ২.০০ ঘটিকা হতে ২.৪৫ ঘটিকা পর্যন্ত |
| ৭ | নিলামের স্থান ও তারিখ | : | ২৩/০৬/২০২৫ খ্রি.; উপজেলা হলরুম, গোয়াইনঘাট, সিলেট; বিকাল ৩.০০ ঘটিকা |
| ৮ | নিলামে নাম এন্ট্রি ও রেজিস্ট্রেশন ফি (অফেরতযোগ্য) নিলাম সম্পন্ন হোক বা না হোক | : | আবশ্যিকভাবে ১,০০০/-(এক হাজার) টাকা নগদ জমা প্রদান করে নিলামে নাম এন্ট্রি ও রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। |

১। নিলামের শর্তাবলি জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (www.sylhet.gov.bd), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোয়াইনঘাট, সিলেট (www.gowainghat.sylhet.gov.bd) এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ওয়েবসাইটে (www.bomd.gov.bd) পাওয়া যাবে।

০১-০৬-২০২৫
মোঃ মামুনুর রশীদ
পরিচালক (খনি ও খনিজ) (রুটিন দায়িত্ব)
০২৪১০৩০২৩৯
mamun2945@gmail.com

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিলেট।

৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোয়াইনঘাট, সিলেট (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ ও উপজেলা/কোয়ারি এলাকায় মাইকে বহুল প্রচারের অনুরোধসহ)।

৫। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ ও তাঁর বিভাগ/দপ্তরের মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

৬। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, গোয়াইনঘাট, সিলেট (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, গোয়াইনঘাট থানা, সিলেট (নিলাম কার্যসম্পাদনে নিরাপত্তা সহায়তা প্রদানের অনুরোধসহ)।

৮। সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, প্লট নং-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা (বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভেতরের পাতায় সীমিত পরিসরে আগামী ০২-০৬-২০২৫ খ্রি. তারিখে প্রকাশের অনুরোধসহ)।

৯। সম্পাদক, দৈনিক সিলেটের ডাক, সিলেট (বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভেতরের পাতায় সীমিত পরিসরে আগামী ০২-০৬-২০২৫ খ্রি. তারিখে প্রকাশের অনুরোধসহ)।

১০। পি.এ টু মহাপরিচালক, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

CamScanner

**বিছনাকান্দি পাথর কোয়ারি সংলগ্ন আশেপাশের (বিছনাকান্দি, বগাইয়া, নতুন ভাঙ্গা হাওর, উপরগাম, হাদারপাড় ও ডেরিবিল) মৌজা এলাকায় স্তূপীকৃত ও জব্দকৃত ৮১,৯৪২ (একাশি হাজার নয়শত বিয়াল্লিশ) ঘনফুট পাথর নিলামের শর্তাবলি :**

১। অগ্রিম জামানত বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা বরাবর যে-কোনো তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংকে জমা প্রদানপূর্বক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূলকপি এবং আবশ্যিকভাবে ১,০০০/-(এক হাজার) (অফেরতযোগ্য) (নিলাম সম্পন্ন হোক বা না হোক) টাকা নগদ জমা প্রদান করে নিলামে নাম এন্ট্রি ও রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

২। নিলাম ডাকে অংশগ্রহণকারীর জাতীয় পরিচয়পত্রের কপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স সনদের সত্যায়িত কপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

৩। জব্দকৃত পাথরের পরিমাণ যেখানে যে অবস্থায় আছে ঐ অবস্থায় নিলাম প্রদান করা হবে। নিলামকৃত পাথরের সাথে নতুন করে কোনো পাথর উত্তোলন করে সংমিশ্রণ করা যাবে না। নিলামকৃত পাথর অপসারণের সময় কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনেরো) দিন।

৪। আগ্রহী নিলাম ডাককারীগণ/প্রার্থীগণ নিজ উদ্যোগে নিলামযোগ্য পাথরের অবস্থান, পরিমাণ ও অপসারণের বিষয়ে খোঁজ-খবর নিয়ে (যেখানে যে অবস্থায় আছে) নিলাম ডাকে অংশগ্রহণ করবেন। নিলাম কার্যাদেশের সাথে নিলামকৃত পাথর সমঝিয়ে/বুঝিয়ে দেওয়া হবে না। নিলামে অংশগ্রহণকারী সকলে নিলামের সকল শর্ত স্বেচ্ছায় ও সজ্ঞানে মেনে নিয়ে নিলামে অংশগ্রহণ করবেন, এক্ষেত্রে পরবর্তীতে কোনো ওজর/আপত্তি/অজুহাত গ্রহণযোগ্য হবে না।

৫। নিলাম ডাকে সর্বোচ্চ ০৩ (তিন) জন ডাককারীর ডাক গ্রহণ করা হবে। নিলাম কমিটি প্রতিক্ষেত্রে ০৩ (তিন) জন সর্বোচ্চ দরদাতা বাছাই করবে। নিলাম ডাক কার্যক্রম সমাপ্তির সাথে সাথে নিলাম ডাকে অংশগ্রহণকারী সর্বোচ্চ ০৩ (তিন) জন ডাককারী ব্যতীত ব্যর্থ অন্যান্য সকল নিলাম ডাককারীর জামানত নিলাম দিবসেই ফেরত প্রদান করা হবে। সর্বোচ্চ ০৩ (তিন) জন ডাককারী মধ্যে ১ম সর্বোচ্চ ডাককারী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিলামের সমুদয় অর্থ ভ্যাট ও আয়করসহ জমা প্রদানে ব্যর্থ হলে গচ্ছিত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে ২য় সর্বোচ্চ ডাককারীকে নিলাম মূল্য, ভ্যাট ও আয়করসহ জমা প্রদানের আদেশ প্রদান করবেন। একইভাবে ২য় সর্বোচ্চ ডাককারী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ ভ্যাটসহ আয়কর পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করে ৩য় সর্বোচ্চ দরদাতা-কে নিলাম মূল্য ভ্যাট, আয়করসহ সমুদয় অর্থ জমা প্রদানের আদেশ প্রদান করবেন। ৩য় সর্বোচ্চ দরদাতাও নিলামের সমুদয় অর্থ ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জমা প্রদানে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করে পুনঃনিলামের ব্যবস্থা গ্রহণ করা হবে। পুনঃনিলামসহ অন্যান্য সকল নিলামে পূর্ববর্তী সকল ব্যর্থ দরদাতাগণ পুনরায় অংশগ্রহণ করা হতে বারিত থাকবেন।

৬। সর্বোচ্চ ডাককারীর নিলাম ডাক গৃহীত হওয়ার সাথে সাথে ও বিধি মোতাবেক ১৫% ভ্যাট সংশ্লিষ্ট জেলার ভ্যাট কোড-১১৪১১০১ ও ১০% আয়কর সংশ্লিষ্ট জেলার আয়কর কোড-১১১১১০১ এবং নিলামমূল্য (সাকূল্য) টাকা নিলাম কোড-**১৪৪১২৯৯** কোডে আবশ্যিকভাবে A-Challan এর মাধ্যমে জমা করত চালানের মূল কপি বিএমডির কার্যালয়ে জমা প্রদান করে নিলামকৃত পাথর অপসারণের কার্যাদেশ গ্রহণ করতে হবে।

৭। নিলামে ক্রয়কৃত পাথর অপসারণের কার্যাদেশে বর্ণিত সময় অতিক্রান্ত হলে স্বয়ংক্রিয়ভাবেই কার্যাদেশ অকার্যকর হবে। এ ক্ষেত্রে কোনো দৈবদুর্বিপাক/দুর্ঘটনা ও অন্য কোনো অজুহাত গ্রহণযোগ্য হবে না। এতৎসংক্রান্ত বিষয়ে আদালতে কোনো মামলা দায়েরও করা যাবে না।

৮। প্রয়োজনে বিএমডির উপকমিটি নিলামকৃত পাথর অপসারণ কার্যক্রম তদারকির নিমিত্ত অস্থায়ী বুথ স্থাপন করিবে। উপজেলা প্রশাসনের পক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের তহশিলদার এবং বিএমডির পক্ষে কর্মচারীগণ পর্যায়ক্রমে নিলামকৃত পাথর অপসারণ কার্যক্রম তদারকি করা হবে।

৯। প্রয়োজন হলে নিলামকৃত পাথর অপসারণ কার্যক্রমে বিএমডির নিযুক্ত প্রতিনিধিগণ নিলামকৃত পাথর অপসারণ সংক্রান্ত তথ্য-উপাত্তের রেজিস্টার সংরক্ষণ করবেন। প্রতিটি যানবাহনের ধরন, নাম্বার ও পরিবহনকৃত পাথরের পরিমাণ সংবলিত রিসিট/প্রত্যয়ন প্রদান করা হবে।

CamScanner

-২৬৭-

১০। নিলামে বিক্রয়কৃত পাথরের পরিমাণ বিবেচনায় নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক কার্যাদেশ প্রাপ্তির মধ্যে কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে নিজ উদ্যোগ ও খরচে পাথর অপসারণ করতে হবে। অপসারণের সময়ের বিষয়ে নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার সাথে সাথে স্তূপীকৃত নূড়ি পাথর ও সাধারণ পাথর সরকারি পাথর হিসাবে পরবর্তী নিলামে বিক্রয় করা যাবে।

১১। প্রতিদিনি সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত উন্মুক্ত নিলামে ক্রয়কৃত পাথর পরিবহণ/অপসারণ করতে হবে; কোনোক্রমেই নির্ধারিত সময় ব্যতীত পাথর পরিবহন/অপসারণ করা যাবে না। নির্ধারিত তারিখের পর কোনোভাবেই উন্মুক্ত নিলামে ক্রয়কৃত পাথর পরিবহন/অপসারণ করা যাবে না। কারণ যাই হোক উন্মুক্ত নিলামে বিক্রয়কৃত পাথর পরিবহণ/অপসারণের সময়বৃদ্ধির কোনো আবেদন বিবেচনা করা হবে না।

১২। উন্মুক্ত নিলামে ক্রয়কৃত নির্ধারিত স্থানের পাথর ব্যতীত অন্য কোনো স্থান হতে পাথর পরিবহণ/অপসারণ করা যাবে না। উন্মুক্ত নিলামে ক্রয়কৃত পাথর পরিবহন/অপসারণকালে জনস্বার্থ ক্ষুণ্ন, বাঁধ, রাস্তা, কালভার্ট ও পরিবেশের ক্ষতিসাধন হয় এমন কাজ করা যাবে না। অন্যথায়, আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণযোগ্য দর না পাওয়া গেলে অথবা অন্য যে কোনো কারণে নিলাম ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। নিলাম ডাকে গ্রহণযোগ্য দর/কাঙ্খিত মূল্য না পাওয়া গেলে কর্তৃপক্ষ পুনরায় বিজ্ঞপ্তির মাধ্যমে নিলাম প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে পারবে। এবং

১৪। জব্দকৃত পাথর সরকারি সম্পদ। কর্তৃপক্ষের অভিপ্রায় যাতে সরকারি কাজে অধিক ব্যবহার হয় বিবেচনায় বিক্রয়ের ক্ষেত্রে সরকারি দপ্তরের প্রাধিকার কাম্য। এবং

১৫। উপর্যুক্ত শর্তাবলির ব্যত্যয় ঘটলে যে কোনো সময় নিলামকৃত পাথর অপসারণের কার্যাদেশ বাতিল/স্থগিত করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০১.০৬.২০২৫

মোঃ মামুনুর রশীদ
পরিচালক (খনি ও খনিজ) (রুটিন দায়িত্ব)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

CS CamScanner